দৈনিক বাংলা

৭

তারিখ ... 12 JUN 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# চার বোর্ডের এইচএসসি পরীক্ষা আজ শুরু ঃ তিন লক্ষ ৯ হাজার পরীক্ষার্থী

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

আজ থেকে দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। দেশে ও দেশের বাইরে মোট ৫২৪টি কেন্দ্রে সর্বমোট ৩ লক্ষ ৯ হাজার ১২ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় অংশগ্রহণ করছেন।

সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে এই পরীক্ষা অনুষ্ঠানের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে।

ঢাকা বোর্ডের অধীনে ৭টি বিদেশী কেন্দ্রসহ মোট ১৪০টি কেন্দ্রে সর্ব-মোট ১ লক্ষ ২ হাজার ৭২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ৭২ হাজার ৮৮৩ জন ছাত্র এবং ২৯ হাজার ১৮৯ জন ছাত্রী। ঢাকা

(৩-এর পৃঃ দ্রঃ)

## চার বোর্ডের এইচএসসি

(প্রথম পৃঃ পর)

মহানগরীর ২৩টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ২৪ হাজার ৩৪১ জন।

রাজশাহী বোর্ডের ১৪২টি কেন্দ্র থেকে ৭৪ হাজার ৬৪৭ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। এই বোর্ডে সর্বোচ্চ ২৯ হাজার ৭০৮ জন ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করছেন।

কুমিল্লা বোর্ডের ১২১টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৭৪ হাজার ৬৭৩ জন। এদের মধ্যে ৫৪ হাজার ৫৮৮ জন ছাত্র এবং ২০ হাজার ৮৫ জন ছাত্রী।

যশোর বোর্ডের ১২১টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৫৭ হাজার ৬২০ জন। এদের মধ্যে ৪২ হাজার ৩৯৬ জন ছাত্র এবং ১৫ হাজার ২২৪ জন

শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেস নোটে জানানো হয়েছে, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠানের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সকল জেলা প্রশাসক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণের জন্য সতর্ক করা হয়েছে। প্রশ্নপত্র ফাঁস ও নকল প্রতিরোধ এবং পরীক্ষা কেন্দ্রসমূহে দুর্নীতি দমন ও শান্তিশৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে প্রয়োজনে কঠোরতম ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিশেষ নির্দেশ দিয়েছেন।

সরকার উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে অনুষ্ঠানের জন্য দেশের ছাত্র, শিক্ষক, অভিভাবক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলের পূর্ণ সহযোগিতা কামনা করেছেন।